



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/২৩৩২১১১১৮২০১/ময়মনসিংহ-৩৩৬/৩৬০৮/২

তারিখ: ২২ মাঘ, ১৪২৭ বঙ্গাব্দ
২৬, জানুয়ারি, ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে


সূত্র: ১) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের স্মারক নং-৩৭.০২.৬১৩১.০০১.১৬.০০১.২১/২৮; তারিখ: ১৮/০১/২০২১ খ্রি.
২) নং-বামাশিবো/প্রশা/ ২২১১৯১১১৮২০১/১৯৫২৭/নথি নং-৩৩৬; তারিখ: ০৯/০৭/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জ উপজেলাধীন দক্ষিণ সাটিহারী ডি. এস দাখিল মাদ্রাসার সভাপতির স্বেচ্ছারিতা, বেতন বিলে স্বাক্ষর না করা এবং বিভিন্ন অনিয়মে বিরুদ্ধে ম্যানেজিং কমিটির ০৯ (নয়) জন সদস্যর মধ্যে ০৫ (পাঁচ) জন সদস্য মাদ্রাসা প্রধানের নিকট পদত্যাগপত্র দাখিল করেন। সুপার উক্ত পদত্যাগের কপিসহ অনলাইনে এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বরাবর আবেদন করেন। উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন সূত্রোক্ত ১নং স্মারকের মাধ্যমে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বোর্ডে প্রেরণ করেন।

তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক মতামত প্রদান করেছেন। ম্যানেজিং কমিটির অভিভাবক ও শিক্ষক প্রতিনিধিসহ মোট ০৫ (আট) জন সদস্যের পদত্যাগপত্র দাখিলের সত্যতা পাওয়া গেছে মর্মে তদন্তকারী কর্মকর্তা মতামত প্রদান করেছেন।

বর্ণিত অবস্থায়, তদন্তকারী কর্মকর্তার মতামতের প্রেক্ষিতে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে সূত্রোক্ত ২নং স্মারকের অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঞ্চে দেয়া হবেনা তার সন্তোষজনক জবাব ১৫(পনের) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


২৬.০১.২১


মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

সুপার/ভারপ্রাপ্ত সুপার, দক্ষিণ সাটিহারী ডি. এস দাখিল মাদ্রাসা
পো: মাইজবাগ পাছপাড়া, উপজেলা: ঈশ্বরগঞ্জ, জেলা: ময়মনসিংহ।

ই-মেইল: registrar@bmeb.gov.bd


২১.০১.২১

নং-বামাশিবো/প্রশাসন/২৩৩২১১১১৮২০১/ময়মনসিংহ-৩৩৬/

তারিখ: ২২ মাঘ, ১৪২৭ বঙ্গাব্দ
২৬, জানুয়ারি, ২০২১ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, ময়মনসিংহ;
২. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ;
৩. উপজেলা নির্বাহী অফিসার, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ;
৫. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।

মোঃ ওমর ফারুক

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd